

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫১১

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ شَهَابٍ أَنَّ أَبَا مُوسَى الْأَشْعَرِيَّ قَالَ: لَا يُلْعَبُ بِالشَّطْرَنْجِ إِلَّا خَاطِئًا

বাংলা

৪৫১১-[২৩] ইবনু শিহাব যুহরী (রহিমাহল্লাহ) হতে বর্ণিত। আবু মুসা আল আশ'আরী (রাঃ) বলেছেনঃ পাপী ব্যক্তিই দাবা (পাশা/শতরঞ্জ) খেলায় লিপ্ত হয়।[1]

ফুটনোট

[1] য'ঈফ : আস্স সুনানুস্ সুগরা ৪৬৫৩, আস্স সুনানুল কুবরা লিল বাযহাকী ২১৪৬৩।

হাদিসটি য'ঈফ হওয়ার কারণ, এর সানাদ মাওকুফ, কারণ “ইবনু শিহাব” আবু মুসা-কে পায়নি। দেখুন-
হিদায়াতুর রহাত ইলা তাখরীজি আহাদীসিল মাসাবীহ ওয়াল মিশকাত ৪/২৬৩ পঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আবু মুসা আল আশ'আরী (রাঃ) বলেন, পাপী ব্যক্তিই দাবা (পাশা/শতরঞ্জ) খেলায় লিপ্ত হয়।

শারহস্স সুন্মাহ গ্রন্থে বর্ণিত হয়েছে, দাবা (পাশা/শতরঞ্জ) খেলা বৈধ হওয়া স্বপক্ষে মতভেদ রয়েছে। কেউ তাকে কতিপয় শর্তে অনুমতি দিয়েছেন, তা হলো জুয়া হতে পারবে না, দেরীতে সালাত আদায় করতে পারবে না, জিহবাকে অঞ্চল কথাবার্তা থেকে বিরত রাখবে। যদি কোন একটি করে ফেলে তাহলে অভদ্র সাব্যস্ত হবে এবং তার সাক্ষ্য গ্রহণযোগ্য হবে না। ইমাম শাফি'ঈ (রহিমাহল্লাহ) দাবা (পাশা/শতরঞ্জ) খেলা অপচন্দ করতেন এবং ইমাম হুমাম-এর মতে, মাকরুহে তানযীহী এবং একদল ‘আলিমের মতে তা হারাম। (মিরকাতুল মাফাতীহ)

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয়-যুহরী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75235>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন